

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৩২

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (کِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ আমরা হাদীসের যে সংখ্যা বর্ণনা করেছি, এর দ্বারা অন্য সংখ্যাকে নাকচ করা রাসূল সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম উদ্দেশ্য নেন্নি মর্মে বর্ণনা

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْمُصِعْفَى صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يُرِدْ بِهَذَا الْعَدَدِ الْمَحْصُورِ الَّذِي ذَكَرْنَاهُ نَفْيًا عَمَّا وَرَاءَهُ مِنَ الْعَدَد

আরবী

3132 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ (1) حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا أَبُو عَامِرٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ سُلَيْمَانَ عَنْ ذَكْوَانَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّهُ عَلَيْهُ وَسَلَّمَ النَّعَايُرُ عَنَ الْجَاهِلِيَّةِ لَنْ يَدَعَهَا النَّاسُ: النِّيَاحَةُ وَالتَّعَايُرُ - أَو التَّعَايُرُ فِي الْأَنْسَابِ ـ, وَمُطرنا بِنَوْءِ كَذَا وَكَذَا وَالْعَدُوى: جَرِبَ بَعِيرٌ فِي مِنَّةٍ بعير فمن أعدى الأول؟) ومُطرنا بِنَوْءِ كَذَا وَكَذَا وَالْعَدُوى: جَرِبَ بَعِيرٌ فِي مِنَّةِ بعير فمن أعدى الأول؟) الراوي: أَبو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الحسان على صحيح ابن حبان

বাংলা

৩১৩২. আবৃ হুরাইরা রাদ্মিাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "জাহেলী যুগের চারটি কাজ, যা লোকজন কখনই পরিত্যাগ করবে না। সেগুলো হলো বিলাপ-আহাজারী করা, বংশ তুলে গালি দেওয়া, এরকম বলা "ওমুক ওমুক নক্ষত্রের কারণে আমাদের বৃষ্টি দেওয়া হয়েছে" এবং সংক্রমনে বিশ্বাস করা; একশ উটের মাঝে একটি উট পাঁচড়াযুক্ত হলে বলা হয়, এ রোগ অন্য উটকে সংক্রমিত করেছে, (নবী ্রাণ্ডু বললেন) তাহলে প্রথম উটকে কে সংক্রমিত করলো?"[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ২৩৯৫; মুসনাদ আহমাদ: ২/৪৫৫; তিরমিযী: ১০০১; বাযযার: ৮০০; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/১৫।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৮৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন